

পোকা পরিচিতি

পূর্ণবয়স্ক বাদামি গাছফড়িং প্রায় ৪ মিলিমিটার লম্বা এবং বাদামি রঙের হয়। এই পোকা পূর্ণবয়স্ক অবস্থায় লম্বা পাখা ও ছোট পাখাবিশিষ্ট হয়ে থাকে।

পূর্ণবয়স্ক স্ত্রী ফড়িং পাতার খোল, পাতা ও পাতার মধ্যশিরার ভিতরে ডিম পাড়ে। চার থেকে নয় দিনের মধ্যে ডিম থেকে কীড়া বের হয়। প্রথম পর্যায়ে কীড়াগুলোর রঙ সাদা থাকে এবং পরে বাদামি আকার ধারণ করে। কীড়া থেকে পূর্ণবয়স্ক ফড়িং-এ পরিণত হতে আবহাওয়া ভেদে ১৪-২৬ দিন সময় লাগে।

পূর্ণবয়স্ক বাদামি গাছফড়িং প্রায় তিন সপ্তাহ বেঁচে থাকতে পারে।

ক্ষতি

- ▶ বাচ্চা ও পূর্ণবয়স্ক উভয়েই ধান গাছের গোড়ায় বসে রস শুষে খায়।
- ▶ সাধারণত কাইচখোড় শুরুর থেকে এ পোকাকার আক্রমণ দেখা যায়।
- ▶ বোরো ও আমন মৌসুমে এ পোকাকার আক্রমণ দেখা যায়।
- ▶ বিপুলসংখ্যক ফড়িং রস শুষে খাওয়ার ফলে হপার বার্ণ বা ফড়িং পোড়ার সৃষ্টি হয়।
- ▶ আর্দ্র ও ছায়াযুক্ত স্থান এবং জমিতে পানি জমে থাকলে আক্রমণ বেশি হয়।



ছোট পাখা ফড়িং

লম্বা পাখা ফড়িং



বাদামি গাছ ফড়িং আক্রান্ত ক্ষেত

দমন ব্যবস্থাপনা

- ▶ আলোকফাঁদ ব্যবহার করা।
- ▶ জমিতে রোপণের দূরত্ব বাড়িয়ে দেয়া।
- ▶ জমে থাকা পানি সরিয়ে দেয়া।
- ▶ উর্বর জমিতে ইউরিয়া সার উপরি প্রয়োগ থেকে বিরত থাকা।
- ▶ আগাম জাত ও প্রতিরোধ ক্ষমতাসম্পন্ন ধানের জাতের চাষ করা (ব্রি ধান৩৫)।
- ▶ জমির অধিকাংশ গাছে যদি ২-৪টি পেট মোটা ডিমওয়ালা পূর্ণবয়স্ক স্ত্রী বাদামি গাছ ফড়িং বা ৮-১০টি কীড়া উভয়েই দেখতে পাওয়া যায়, তাহলে অনুমোদিত কীটনাশক ব্যবহার করা যেতে পারে। তবে কীটনাশক অবশ্যই গাছের গোড়ায় প্রয়োগ করতে হবে।
- ▶ জমির অধিকাংশ গাছে অন্তত একটি মাকড়সা দেখা গেলে কীটনাশক ব্যবহার করা উচিত নয়। কারণ মাকড়সা বাদামি গাছফড়িং খেয়ে ধ্বংস করে।